

কিভাবে আপনার মেটারনিটি রেকর্ড শেয়ার করা হয় গ্রেট নর্থ কেয়ার রেকর্ডে

গ্রেট নর্থ কেয়ার রেকর্ড কি?

গ্রেট নর্থ কেয়ার রেকর্ড নর্থ ইস্ট এবং নর্থ কুশরিয়াকে কভার করে এবং আপনার সেবায় নিয়োজিত স্বাস্থ্য কর্মীদের আপনার মেডিকেল হিস্ট্রি বুঝতে সহায়তা করে। বিভিন্ন জায়গায় যেমন জিপি এবং স্থানীয় হাসপাতালে আপনার যে মেডিকেল রেকর্ড সংরক্ষিত রয়েছে তা আপনার সেবায় নিয়োজিত স্বাস্থ্যকর্মীদের প্রদান করে স্বাস্থ্য সেবায় সহযোগিতা করে।

গ্রেট নর্থ কেয়ার রেকর্ড কার আছে?

শুধুমাত্র নর্থ ইস্ট অথবা নর্থ কুশরিয়ার নিবন্ধিত রোগীদের রেকর্ড গ্রেট নর্থ কেয়ার রেকর্ডে আছে। আপনি যদি অন্য অঞ্চল থেকে এই অঞ্চলে ভ্রমণ করেন তবে আপনার রেকর্ড গুলি শেয়ার করা হয় না।

এটি কিভাবে আমার মেটারনিটি কেয়ার কে প্রভাবিত করবে?

আপনার মেটারনিটি রেকর্ডে আপনার এবং আপনার শিশু সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য রয়েছে। আপনার গর্ভাবস্থায় হয়তো বা বিভিন্ন ধরনের স্বাস্থ্যসেবা কর্মীদের দ্বারা আপনাকে দেখা হতে পারে।

স্বাস্থ্যসেবা কর্মীদের কাছে ইলেকট্রনিক্যালি এই তথ্য শেয়ার করার মানে হচ্ছে তারা আরো ভালোভাবে আপনার এবং আপনার শিশুর স্বাস্থ্য সম্পর্কে বুঝতে পারবেন। এটার মানে হচ্ছে আপনার মেটারনিটি টিম আপনার সম্পর্কে সেই সব তথ্য এক্সেস করতে পারবেন যেমন আপনার জিপি অথবা কিছু হাসপাতালের রেকর্ড।

কোন ধরনের ইনফরমেশন নেওয়ার ব্যবস্থা রাখা হয়?

- যোগাযোগের ঠিকানা
- অ্যাপয়েন্টমেন্ট
- ঔষধ
- রোগ নির্ণয়
- অ্যালার্জি
- রেফারেল
- টেস্ট রেজাল্ট
- টিকাদান
- গুরুত্বপূর্ণ লক্ষণ



কিভাবে আমার রেকর্ড নিরাপদ রাখা হয়?

আইন অনুসারে, এনএইচএস এবং সামাজিক যত্নের পক্ষে কাজ করা প্রত্যেককে অবশ্যই আপনার গোপনীয়তাকে সম্মান করতে হবে এবং আপনার সম্পর্কে সমস্ত তথ্য সুরক্ষিত রাখতে হবে। গ্রেট নর্থ কেয়ার রেকর্ড একটি সুরক্ষিত সিস্টেম ব্যবহার করে যা এনএইচএস এবং সামাজিক যত্ন সুরক্ষা মান পূরণ করে। সিস্টেমটি আপনার রেকর্ড অ্যাক্সেস করার সময় এবং তারিখ সহ একটি অডিট ট্রেইল রাখে। যারা গ্রেট নর্থ কেয়ার রেকর্ড ব্যবহার করে তারা কেবলমাত্র সঠিক লোকেরা আপনার রেকর্ডে অ্যাক্সেস করে তা নিশ্চিত করার জন্য দায়বদ্ধ এবং অনুপযুক্ত অ্যাক্সেস প্রতিরোধের জন্য কঠোর নীতি এবং প্রোটোকল রয়েছে।

যে কেউ কি আমার রেকর্ড দেখতে পারবে?

না, আপনার রেকর্ড গোপনীয়। আইনগতভাবে সরাসরি আপনার স্বাস্থ্য সেবায় যে সব স্বাস্থ্যকর্মী জড়িত শুধুমাত্র তারা দেখতে পারবেন। রোগীকে সর্বোত্তম স্বাস্থ্য সেবা প্রদানের জন্য মিড ওয়াইফ, ডাক্তার এবং অন্যান্য স্বাস্থ্যকর্মীরা ভালো যোগাযোগের ওপরে ভিত্তি করেন। আপনার তথ্য এমন কারো কাছে দেওয়া হয় না যার আপনাকে চিকিৎসা, যত্ন এবং সহায়তা দেওয়ার প্রয়োজন নেই। আপনার রেকর্ড নিরাপদ রাখা হয় এবং সর্ভজনীন করা হবে না, তৃতীয় পক্ষের কাছে পাঠানো হবে না, যারা সরাসরি আপনার যত্নের সাথে জড়িত নয় এবং বিজ্ঞাপন বা বিক্রির জন্য ব্যবহার করা হবে না।

আমি যদি আমার তথ্য গ্রেট নর্থ কেয়ার রেকর্ডে রাখতে না চাই ?

আপনার রেকর্ডটি আপনার স্বাস্থ্যসেবা কর্মীদের অ্যাক্সেস করার জন্য রাখা হবে। আপনি যদি এটি রাখতে না চান তবে দয়া করে গ্রেট নর্থ কেয়ার রেকর্ড দলের সাথে যোগাযোগ করুন 0344 811 9587, ইমেল gncarerecord@nhs.net, or visit www.greatnorthcarerecord.org.uk



